সদ্যোজাত শিশুর গলায় দুধ আটকে মৃত্যু

চিকিৎসায় গাফিলতির অভিযোগ তুলে বিক্ষোভ

নিজস্ব সংবাদদাতা, বিষ্ণুপুর ঃ সদ্যোজাত শিশুর গলায় দুধ আটকে মৃত্যুর ঘটনায় চিকিৎসার গাফিলতির অভিযোগ তুলে বিক্ষোভ প্রদর্শন করল শিশুর আত্মীয়রা। তাঁরা কর্তব্যরত চিকিৎসক ও নার্সদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়ার দাবি তুলে বৃহস্পতিবার মৃতের আত্মীয়রা হাসপাতাল সুপারকে ঘিরে ক্ষোভ উগরে দেন। হাসপাতাল সূত্রে জানা গিয়েছে, কয়েকদিন আগে হাসপাতালে জেলাশাসক এস বক্স অনিয়ম লক্ষ্য করেন। তিনি একাধিক অভিযোগের বিষয়ে সদার্থক পদক্ষেপ নেওয়ার নির্দেশ দেন। কয়েকদিন চিকিৎসককে শোকজও করেন। তার মাত্র ৪ দিন কাটতে না কাটতেই হাসপাতালে শিশু মৃত্যুর ঘটনায় চিকিৎসদের বিরুদ্ধে গাফিলতির অভিযোগ উঠল। হাসপাতাল ও পরিবার সূত্রে জানা গিয়েছে, এক সপ্তাহ আগে বিষ্ণুপুরের দেখাটি গ্রামের বাসিন্দা গৃহবধূ মালা বিশ্বাস হাসপাতালে

যমজ কন্যা শিশুর জন্ম দেন। জন্মের পর পরই দুই শিশুর জন্ডিস ধরা পরে এবং প্রসূতি ওয়ার্ড সরিয়ে শিশুসেরকে এসএনসিইউ ইউনিটে ভর্তি করা হয়। পরে বুধবার দ্বিতীয় শিশুর গলায় খাবার আটকে যায় বলে হাসপাতাল কর্তৃপক্ষ জানায়। পরিবারের লোকেদের অভিযোগ, ওই দিন রাতে খাবার দেওয়া সত্বেও শিশুকে কোনও চিকিৎসক দেখতে আসেননি। বৃহস্পতিবার সকালে শিশুর মৃত্যু হওয়ায় রোগীর আত্মীয় - পরিজনরা ক্ষোভে ফেটে পড়েন। তাঁরা চিকিৎসার গাফিলতির অভিযোগ তুলে হাসপাতালের সুপারকে ঘেরাও করে বিক্ষোভ দেখান। এই প্রসঙ্গে বিষ্ণুপুর জেলা হাসপাতালের ভারপ্রাপ্ত সুপার তড়িৎকান্তি পাল বলেন, মৃত শিশুর দেহ ময়না তদন্ত করা হবে। গাফিলতির প্রমাণ পেলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। অন্যদিকে বিষ্ণুপুর জেলা হাসপাতালের রোগী কল্যাণ সমিতির সদস্য তথা বিষ্ণুপুর পুরসভার কাউন্সিলার দিব্যেন্দু বন্দ্যোপাধ্যায় বলেন, আমাদের মুখ্যমন্ত্রী হাসপাতালে রোগীদের পরিষেবার জন্য পরিকাঠামো গড়ে তুলেছেন। কিন্তু এক শ্রেণির চিকিৎসক ও চিকিৎসাকর্মীর কর্তব্যে গাফিলতির কারণে সরকারের ভাবমূর্তি নষ্ট হচ্ছে। এই বিষয়ে উর্দ্ধতন কর্তৃপক্ষকে জানানো হবে। ওই গৃহবধূর কাকা জীবন চৌধুরী বলেন, গত বৃহস্পতিবার আমার ভাইঝি দুটি কন্যা সন্তানের জন্ম দেয়। একদিন পরে জন্ডিস ধরা পড়ায় শিশুদেরকে প্রসূতি ওয়ার্ড থেকে সরিয়ে এসএনসিইউ ইউনিটে কাচের ঘরে রাখা হয়। সেখানে নার্সদের তত্ত্বাবধানে শিশুদের রাখা হয়। বিশেষ কিছু সময়ে দুধ খাওয়ানোর জন্য শিশুর মাকে লুকতে দেওয়া হয়। পরে একটি শিশুর গলায় খাবার আটকে গিয়েছে বলে নার্সদের পক্ষ থেকে বলা হয়। গলায় খাবার আটকে গিয়ে শিশুর মৃত্যু হয়েছে বলে হাসপাতাল কর্তৃপক্ষ জানিয়েছে। কিন্তু আমরা তা বিশ্বাস করতে পারছি না। তাছাড়া শিশু অসুস্থ হওয়ার পরে বার বার চিকিৎসককে ডেকে আনার জন্য বলা হলেও রাতভর কোনও চিকিৎসক আসেননি। একপ্রকার বিনা চিকিৎসায় শিশুর মৃত্যু হয়েছে। আমরা এই ঘটনার উপযুক্ত তদন্ত ও দোষীদের শাস্তি চাই।

চন্দ্রকোনায় পঞ্চায়েত সমিতি গঠন

নিজস্ব সংবাদদাতা, পশ্চিম মেদিনীপুর ঃ চন্দ্রকোনা ১ ও ২ নম্বর পঞ্চায়েত সমিতি গঠন হয়ে গেল বৃহস্পতিবার। চন্দ্রকোনা ১ পঞ্চায়েত সমিতির সভাপতি নির্বাচিত হয়েছেন সূর্যকান্ত দোলুই এবং সহ-সভাপতি নির্বাচিত হয়েছেন শান্তিময় ভট্টাচার্য। এদিনের পঞ্চায়েত সমিতির গঠনকে ঘিরে চন্দ্রকোনা এলাকার মানুষের উৎসাহ ও উদ্দীপনা ছিল তুঙ্গে।

বোর্ড গঠনের পর সভাপতি ও সহ-সভাপতিকে পুষ্প মালা দিয়ে বরণ করা হয়। ওই দিনই চন্দ্রকোনা-২ পঞ্চায়েত সমিতির গঠন পর্ব সম্পন্ন হয়। চন্দ্রকোনা-২ পঞ্চায়েত সমিতির সভাপতি নির্বাচিত হয়েছেন হীরালাল ঘোষ। সহ-সভাপতি নির্বাচিত হয়েছেন মালবিকা পাত্র।

মদ ও মাদক দ্রব্য বন্ধের দাবিতে মহিলাদের বিক্ষোভ

নিজস্ব সংবাদদাতা, বাঁকুড়া ঃ মদ ও মাদক দ্রব্য, জুয়া, সাট্টা অবিলম্বে বন্ধ করতে হবে, নতুন করে মদের দোকানের লাইসেন্স দেওয়া চলবে না, নারী নিগ্রহ, নারী পাচার, ধর্ষণ, নারী খুন ও শ্লীলতাহানির মতো ঘটনাগুলির বিরুদ্ধে অবিলম্বে প্রশাসনিক পদক্ষেপ নিতে হবে, অশ্লীল ও নোংরা ছবির প্রদর্শন বন্ধ করতে হবে ইত্যাদি বেশ কয়েক দফা দাবি নিয়ে বৃহস্পতিবার জেলাশাসকের কাছে অল ইন্ডিয়া মহিলা সাংস্কৃতিক সংস্থানের পক্ষ থেকে একটি স্মারকলিপি দেওয়া হয়। এই সংগঠনের পক্ষ থেকে জানানো হয়, সরকারের মদতে জেলাজুড়ে মদ ও মাদক দ্রব্য, জুয়া, সাট্টা বাড়ছে। এই ঘটনার প্রভাব পড়ছে শিশু, কিশোর-কিশোরী ও গৃহবধূ থেকে প্রবীণদের মধ্যেও। সুস্থ সংস্কৃতির মৃত্যু ঘটছে। রাজ্য সরকার আরও নতুন মদের দোকান খোলার অনুমতি দিতে চলেছে। এতে এসব সমস্যা আরও বাড়বে বলে তাঁদের আশঙ্কা। তাই বাধ্য হয়েই তাঁরা জেলাশাসকের হস্তক্ষেপ দাবি করে স্মারকলিপি জমা দিলেন।

সংগঠনের সদস্যা অনিতা দাস, প্রভাতী রায় ও মিঠু মাইতি বলেন, জেলার প্রতিটি ব্লক থেকেই মহিলারা এই কর্মসূচিতে অংশ নিয়েছিলেন।

ব্লক মৎস্য দপ্তরের উদ্যোগে কালনা ও কাটোয়া মহকুমা জুড়ে মৎস্য চাষি দিবস উদ্‌যাপন

শ্যামল রায়, কালনা ঃ বৃহস্পতিবার ছিল মৎস্য চাষি দিবস উদ্‌যাপন। কালনা ও কাটোয়া মহকুমা জুড়ে উদ্‌যাপন হল মৎস্য চাষি দিবস। পূর্বস্থলী-১ নম্বর ব্লক মৎস্য দপ্তরের উদ্যোগে বিডিও অফিস প্রাঙ্গণে এদিন সকাল থেকে এক প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হয়। এছাড়াও বিভিও অফিসের নজরুল মঞ্চে মাছ চাষ বিষয়ে এক আলোচনা সভা হয়। প্রশিক্ষণ শিবিরে মোট ৫৫ জন মৎস্যচাষি অংশগ্রহণ করেছিলেন। প্রশিক্ষণ শিবিরের শেষে প্রশিক্ষণরত প্রশিক্ষণদের থেকে একটি পরীক্ষা গ্রহণ করা হয়। এরপর আধুনিক প্রযুক্তিতে কিভাবে মাছ চাষ করলে উৎপাদন বাড়বে এবং আয়ও বাড়বে সেই বিষয়ে এক আলোচনা চক্র অনুষ্ঠিত হয়। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সমষ্টি উন্নয়ন আধিকারিক নিতীশ বালা, ব্লক মৎস্য দপ্তরের আধিকারিক বিনায়ক গোস্বামী ও নারায়ণ ঘোষ প্রমুখ। ব্লক স্তরে এই মৎস্য প্রশিক্ষণ শিবিরটি হয়। ব্লক স্তরে মৎস্যচাষিদের পুরস্কৃত করা হয়। মৎস্য দপ্তরের আধিকারিক বিনয় ঘোষ জানিয়েছেন, ব্লকের মধ্যে তিন জন মৎস্য চাষিকে এদিন পুরস্কৃত করা হলো। মৎস্য উৎপাদন ও উৎকর্ষতা পুরস্কার প্রদান করা হয় কোবলা মৎস্য চাষি সমবায় সমিতিকে। এছাড়াও পুরস্কার পান ব্লকের ভাতশালা গ্রামের মৎস্য চাষি তাপস মণ্ডল ও হাটসিমলা গ্রামের মৎস্যচাষি মামিন মোল্লাকে। কিভাবে মৎস্য চাষিরা মাছের উৎপাদন বাড়াতে পারে এবং গরিব মৎস্য চাষিরা সরকারি সুযোগ-সুবিধা কিভাবে পেতে পারে সেবিষয়ে বিস্তারিতভাবে

এদিনকার আলোচনা সভায় আলোচিত হয়। এছাড়াও কালনা মহকুমার কালনা-১ ও ২ নম্বর ব্লক, মন্তেশ্বর, কাটোয়া-১ ও ২ নম্বর ব্লক, কেতুগ্রাম, মঙ্গলকোট ব্লকেও মৎস্য চাষি দিবস উপলক্ষ্যে মাছ চাষ বিষয়ে আলোচনা চক্র অনুষ্ঠিত হয়। কাটোয়া মহকুমায় মৎস্য চাষি দিবস উপলক্ষ্যে উপস্থিত ছিলেন মঙ্গলকোটের পঞ্চায়েত সমিতির সভাপতি দীপা ঘোষ, আবুল বাশের মুন্সি, রেজাউল হক ও মেহেবুব চৌধুরী প্রমুখ। কাটোয়া-২ নম্বর ব্লকে উপস্থিত ছিলেন সুব্রত মজুমদার, পঞ্চায়েত সমিতির সভাপতি নিষাদ সামন্ত সহ অনেকে। মূলত আধুনিক প্রযুক্তিতে মাছ চাষের প্রয়োজনীয়তা উৎপাদন বাড়ানোর উপরেই প্রশিক্ষণ বা আলোচনা করেন মৎস্য দপ্তরের আধিকারিকরা।

খড়গ্রামে এক ব্যক্তির দেহ উদ্ধার

নিজস্ব সংবাদদাতা, কান্দি ঃ বাড়ির কাছে পুকুরে স্নান করতে গিয়ে অসাবধানবশতঃ পা পিছলে পড়ে গিয়ে জলে ডুবে মৃত্যু হল এক গ্রামবাসীর। বৃহস্পতিবার সকালে দেহ পুকুরের জলে ভাসতে দেখে গ্রামের লোকজন দেহ উদ্ধার করে কান্দি মহকুমা হাসপাতালে নিয়ে যান। সেখানে হাসপাতালের ডাক্তারবাবু পরীক্ষা করে তাকে মৃত বলে ঘোষণা করেন। মুর্শিদাবাদের কান্দির খড়গ্রাম থানার বালিয়া গ্রাম পঞ্চায়েতের বানুর গ্রামে এই ঘটনাটি ঘটে। বালিয়া গ্রাম পঞ্চায়েতের প্রধান গোকুল ঘোষ জানিয়েছেন, মৃত ব্যক্তির নাম সুখেন হাজরা (৩৮)। বাড়ি বানুর গ্রামে।

এলাকায় দিন মজুরের কাজ করতেন তিনি। এদিন কাজ করে পুকুরের জলে হাত-মুখ পরিষ্কার করতে গিয়ে অসাবধানবশতঃ পা পিছলে জলে পড়ে আর উঠতে পারেননি। পরে দেহ জলে ভাসতে দেখে গ্রামের লোকজন তাঁকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যান। পুলিশ জানিয়েছে, দেহ কান্দি মহকুমা হাসপাতালে ময়না তদন্ত করে বাড়ির লোকদের হাতে তুলে দেওয়া হয়েছে।

বাঁকুড়া জেলা পরিষদের সভাধিপতি হলেন মৃত্যুঞ্জয় মুর্ম্মু

নিজস্ব সংবাদদাতা, বাঁকুড়া ঃ দক্ষিণ বাঁকুড়ার জঙ্গলমহল এলাকার আদিবাসী যুবক মৃত্যুঞ্জয় মুর্ম্মু আগামী পাঁচ বছরের জন্য বাঁকুড়া জেলার ১ নম্বর নাগরিক হিসাবে বৃহস্পতিবার থেকে জেলা সভাধিপতির দায়িত্ব সামলাবেন এবং সহ-সভাধিপতির দায়িত্বে থাকছেন শুভাশীষ বটব্যাল। এবারের ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে বাঁকুড়া জেলা পরিষদের ৪৬টি আসনের মধ্যে সবকটিতেই জয়ী হয়ে জেলা পরিষদ দখল করেছে

তৃণমূল কংগ্রেস। নির্বাচনের পর জেলা পরিষদের দায়িত্ব কে সামলানে তা নিয়ে ব্যাপক জলঘোলা হয়। এদিন সেই সব জল্পনার অবসান ঘটাতে কলকাতা থেকে মুখবন্ধ খামে জেলা সভাধিপতি ও সহ-সভাধিপতির নাম নিয়ে আসেন রাজ্যসভার সদস্য শান্তনু সেন। জেলাশাসকের দফতরে জেলা পরিষদের নব নির্বাচিত সদস্যদের সামনে সেই খাম খুলে সভাপতির নাম ঘোষণা করা হয়। জেলাশাসকের উপস্থিতিতে সেখানে শপথ গ্রহণ করানো হয় সভাধিপতি ও সহ-সভাপতিকে। এরপরই জেলা পরিষদের অডিটোরিয়ামে তাঁদের সম্বর্ধনা সভার আয়োজন করা হয়। সেখানে প্রকাশ্য ওই সভায় সভাধিপতি ও সহ-সভাধিপতির নাম ঘোষণা করেন সিমলাপালের বিধায়ক সমীর চক্রবর্তী। এদিনের সম্বর্ধনা সভায় উপস্থিত ছিলেন জেলা পরিষদের বিদায়ী সভাধিপতি অরূপ চক্রবর্তী, তৃণমূলের জেলা সভাপতি অরুপ খাঁ, বাঁকুড়ার জেলাশাসক উমাশঙ্কর এস, পুলিশ সুপার কোটেশ্বর রাও। এছাড়াও ছিলেন, শাসকদলের জেলা, ব্লক ও গ্রাম পঞ্চায়েত স্তরের নেতা ও কর্মী-সমর্থকরা।

নিতুড়িয়ার ভামুরিয়া বাথানেশ্বরের পুজোয় এবারের থিম মাটির চোখ

বিকাশ সুপকার, পুরুলিয়া ঃ শুধু পুরুলিয়া কিংবা পাশের জেলা পশ্চিম বর্ধমান জেলাই নয়, বলতে গেলে রাজ্যের বিগ বজেটের শারদীয়া পুজাগুলির অন্যতম হল পুরুলিয়ার নিতুড়িয়া ব্লকের ভামুরিয়া বাথানেশ্বর সার্বজনীন কমিটির দুর্গাপুজা। বরাবরের রীতি বজায় রেখে এবছরও চমকপ্রদ এক থিমের শারদীয়া পুজা উপহার দিতে তৈরি হচ্ছেন কয়লাখনি অঞ্চলের এই পুজো কমিটির উদ্যোক্তারা। প্রতিবেশী ধনী রাজ্য ঝাড়খাণ্ডেও এতো বড়মাপের দুর্গাপুজো হয় বলে মনে করতে পারছেন না প্রবীণ ব্যক্তিরা। বিগত কয়েকবছর ধরে জেলার শ্রেষ্ঠ প্রতিমা ও সেরা মণ্ডপের শিরোপা লাভ করে আসছে ভামুরিয়া বাথানেশ্বর সার্বজনীন দুর্গাপুজা কমিটি। এবছরও সেই সম্মানপ্রাপ্তি যাতে অটুট থাকে তাই জুন মাস থেকেই দুর্গাপুজোর প্রস্তুতি শুরু করে দিয়েছেন উদ্যোক্তারা। এবছর এই কমিটির পুজোর থিম 'মাটিরচোখ'। মাটির চোখের থিমের পুজো দেখতে এবারেও সবার চোখ থাকবে ভামুরিয়ার দিকেই। কলকাতার হস্তশিল্পী রূপচাঁদ কুণ্ডু তার সুদক্ষ নিপুণতার মধ্য দিয়ে নিখুঁতভাবে মণ্ডপ সজ্জার কাজ করে যাচ্ছেন। আর হাতে মাত্র কয়েকটা দিন সময় রয়েছে। বাংলার অন্যতম সুপ্রসিদ্ধ মণ্ডপ সজ্জাকারিদের অন্যতম রূপচাঁদ-বাবুর এখন নাওয়া-খাওয়ার সময় নেই। আসামের প্রসিদ্ধ মুড়ি বাঁশ দিয়ে বানানো হচ্ছে চাটাই। সেই চাটাই ছাড়াও দরমা, প্লাই, প্লাস্টার অফ প্যারিস, ফাইবার, কাঠ ও খড়ের বিছালি প্রভৃতি উপকরণ দিয়ে জোর কদমে মণ্ডপ তৈরির কাজ চলছে বলে জানালেন শিল্পীদের মাস্টার মাইণ্ড রূপচাঁদ কুণ্ডু। জেলা ছাড়িয়ে রাজ্যের সেরাপুজাগুলির তালিকায় স্থান পাওয়াটাই লক্ষ্য এই পুজো উদ্যোক্তাদের। এই দুর্গাপুজা কমিটির সম্পাদক হীরালাল মাজী জানালেন, 'মাটিরচোখ' থিমকে মণ্ডপের মধ্যে তুলে ধরা খুবই কঠিন কাজ। তবু মূল শিল্পী এবং তার সহশিল্পীরা যেভাবে দিনরাত এক করে অক্লান্ত পরিশ্রমের মধ্য দিয়ে মণ্ডপটিকে আকর্ষণীয় করে তোলার কাজ করে যাচ্ছেন তাতে এবারে জেলায় তো বটেই পাশাপাশি অন্যান্য জেলাগুলির সঙ্গে টেক্কা দিয়ে ভামুরিয়া বাথানেশ্বর সার্বজনীন দুর্গাপুজো কমিটি বিশেষ একটা স্থান লাভ করবে বলে দাবি করেছেন কমিটির সম্পাদক। তিনি জানান, এবার তাঁদের এই শারদ উৎসব নবম বর্ষে পদার্পণ করল। চতুর্থীর দিন সন্ধ্যায় উৎসবের আনুষ্ঠানিক সূচনা করবেন রূপালী পর্দার বলিউড নায়িকা বিপাসা বসু। পুজোর অন্যান্য দিনগুলিতে সাংস্কৃতিক অনুষ্ঠান করতে আসছেন মুম্বাই সঙ্গীত জগতের কিংবদন্তী কণ্ঠশিল্পী কুমার শানু,

মানালি ঠাকুর, চান্ধি পাণ্ডে, জাভেদ আলি, রাখী সাওন্ত প্রমুখ নামিদামী তারকারা। অবশ্য ভামুরিয়া বাথানেশ্বর সার্বজনীন দুর্গাপুজার অনুষ্ঠানে প্রতিবছর বিনোদন জগতের সেলিব্রেটিদের নিয়ে আসা একটা রেওয়াজ আছে। এর আগের বছরগুলিতে বাপি লাহিড়ী, বিদ্যাবালান দলের মেহেন্দি সাকিল আনসারির মতো নক্ষত্ররা এখানকার আসর কাঁপিয়ে গিয়েছেন। পুজোর দিনগুলিতে পুরুলিয়া, আসানসোল, বর্ধমান, দুর্গাপুর এবং পাশের ঝাড়খণ্ড রাজ্যের হাজার হাজার মানুষের ঢল নামলেও শান্তি শৃঙ্খলার মধ্য দিয়ে উৎসব পরিচালনায় বিশেষ সুনাম রয়েছে এই পুজো কমিটির। হীরালালবাবু জানিয়েছেন, এবছর তাঁদের পুজোর বাজেট প্রায় তিরিশ লক্ষ টাকা।

নার্সিং কোর্স নিয়ে চিন্তিত ?
ছেলে ও মেয়ে উভয়ের জন্য
Educational Qualification : 10th/12th Pass (Arts/Science/Vocational/Commerce)
Direct Nursing Admission – 2018
(Recognized by I.N.C/K.N.C/R.G.U.H.S, Bangalore)
• G.N.M : 3 Years
• B. Sc. : 4 Years
Admission Contact :- 8073172973

শুভ শারদীয় উৎসব উপলক্ষ্যে প্রকাশিত হতে চলেছে ৮ পৃষ্ঠার রঙিন ক্রোড়পত্র 'আগমনী'। এই সংখ্যাটি 'আর্থিক লিপি' পত্রিকার সঙ্গে বিনামূল্যে দেওয়া হবে। মৌলিক লেখা প্রবন্ধ, গল্প, কবিতা আহ্বান করা হচ্ছে। লেখা জমা দেওয়া শেষ তারিখ ১ অক্টোবর।
Mail : debangshu.chakraborti@gmail.com

SEX সমস্যায় হারবাল চিকিৎসা
মহিলা ও পুরুষের গোপন রোগ, পেটের রোগ, চর্মরোগ, যৌনরোগ সহ লিঙ্গদোষ ত্রুটি, শিথিলতা, অক্ষমতা, ধাতুদুর্বল, স্বপ্নদোষ, প্রস্রাবে জ্বালা, সিফিলিস, গনোরিয়া, অর্শ, ভগন্দর, পুরুষের গুপ্তরোগের চিকিৎসা করা হয়।
স্ত্রীরোগ ঃ মহিলাদের ঋতুস্রাবের কষ্ট, সাদা স্রাব, অঙ্গভ্রংশ শিথিলতা, সন্তানহীনতা প্রভৃতি চিকিৎসা করা হয়।
ডাঃ এন.কে.রায় মোঃ- 9433276106
মদ ছাড়ানোর ঔষধ পাইকারী দামে পাওয়া যায়।
(গোপনে মদের (নেশা ছাড়ান (১০ দিনে পরিবর্তন)
কলিকাতা (দমদম), আরামবাগ, উদয়নারায়ণপুর, খেড়িয়া, শ্যামপুর।
যোগাযোগ ঃ- 9433156731, 7501330207